আর্জেন্টিনার বড় জয়ের দিন ব্রাজিলের হার

মেক্সিকোর বিপক্ষে দুর্দান্ত এক জয় পেয়েছে আর্জেন্টিনা। ম্যাচের ৩৯ মিনিটের মধ্যে চার গোল দিয়ে অনেক বড় এক জয়ের সুযোগ তৈরি করেছিল তারা। কিন্তু দ্বিতীয়ার্ধে কোন গোল করতে পারেনি আর্জেন্টিনা। তারপরও ৪-০ গোলের বড় জয় নিয়ে মাঠ ছাড়ে আলবেসেলেস্তেরা।

নিষেধাজ্ঞার কারণে দলে মেসি ছিলেন না। পাউলো দিবালাকে তাই আক্রমণের নেতা বানায় আর্জেন্টিনা কোচ লিওনেল স্কালোনি। কিন্তু লওতেরো মার্টিনেজ দুর্দান্ত এক হ্যাটট্রিক করে সব আলো কেড়ে নেন। ম্যাচের ১৭ এবং ২২ মিনিটে গোল করে দলের জয়ের পথ গড়ে দেন এই স্ট্রাইকার। এরপর ২২ মিনিটে আবার গোল আর্জেন্টিনার। প্যারাদেস পেনাল্টি থেকে গোল করে দলকে ৩-০ গোলের লিড এনে দেন। এরপর ৩৯ মিনিটে আবার মার্টিনেজ শো’। তিনি গোল করে নিজের হ্যাটট্রিক পূর্ণ করেন। দলকে এগিয়ে নেন ৪-০ গোলে। শেষ পর্যন্ত ওই ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে আকাশি-নীল জার্সিধারীরা।

অন্যদিকে বিশ্বকাপের পরে কোন ম্যাচে হারের স্বাদ না পাওয়া তিতের ব্রাজিল পেরুর বিপক্ষে হেরে তেতো স্বাদ পেলো। ম্যাচের ৮৫ মিনিটে লুইস আব্রাম গোল করে দলকে জয় এনে দেন। ব্রাজিলকে হারান ১-০ গোলের ব্যবধানে। ঘরের মাঠে পেরুকে উড়িয়ে নবম কোপা আমেরিকার শিরোপা ঘরে তোলে সেলেকাওরা। পরের দেখাতেই শোধ নিল ল্যাতিন আমেরিকার দেশ পেরু।

আন্তর্জাতিক বিরতিতে দুই ম্যাচ খেলেই জয়হীন থাকল ব্রাজিল। আগের ম্যাচে কলম্বিয়ার বিপক্ষে ২-২ গোলে ড্র করে ব্রাজিল। ওই ম্যাচেও পিছিয়ে ছিল ব্রাজিল। ইনজুরি কাটিয়ে হলুদ জার্সিতে ফেরা নেইমারের গোলে ব্রাজিল হার এড়ায় ওই ম্যাচে। এবার পেরু হারের স্বাদ দিল ব্রাজিলকে। তিতের দলের তাই ভালো গেলো না প্রীতি ম্যাচের সূচিটা। বিশ্বকাপে বেলজিয়ামের কাছে হারের পর ১৭ ম্যাচ অপরাজিত ছিল সেলেকাওরা। ছেদ পড়ল সেই যাত্রায়। অক্টোবরে প্রীতি ম্যাচে থাইল্যান্ডের বিপক্ষে সিঙ্গাপুরে মুখোমুখি হবে ব্রাজিল।